



### বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের ১৮/০৫/২০২৩ খ্রি: তারিখের ২৫.৮০.০০০০.০০১.১১.১৭২. ২১.৩৫০ নং নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারী নিয়োগ পরীক্ষা, ২০২৩ এর আওতায় গত ০৬/১০/২০২৩ খ্রি: তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষা, ০৭/১০/২০২৩ খ্রি: তারিখে অনুষ্ঠিত ব্যবহারিক পরীক্ষা ও ০৮/১০/২০২৩ এবং ০৯/১০/২০২৩ খ্�রি: তারিখে অনুষ্ঠিত মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ১৪ ক্যাটাগরিতে ২৩টি শূন্য পদে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা গত ১০/১০/২০২৩ খ্রি: তারিখের ২৫.৮০.০০০০.০০১.১১.১৭২.২১.৭১৯ নং বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা হয়। নিয়োগ পরীক্ষায় চূড়ান্তভাবে নির্বাচিত ২৩জন কর্মকর্তা/কর্মচারী নির্ধারিত ২২/১০/২০২৩ খ্রি: তারিখে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষে যোগদান করেন। পরবর্তীতে নবনিয়োগকৃত ২৩জন কর্মকর্তা/কর্মচারীর মধ্যে “কার্য-সহকারী” পদে যোগদানকৃত জনাব মোঃ আব্দুল জলিল গত ০৫/০৬/২০২৪ খ্রি: তারিখে স্বেচ্ছায় ইন্টফা প্রদান করায় এবং তার ইন্টফাপ্রতি কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৭/০৮/২০২৩ খ্রি: তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৬.২২.৯৬ নং পরিপত্রে মন্ত্রণালয়/বিভাগ ও এর অধীন সরকারি দপ্তর/পরিদপ্তর/অধিদপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা, সংবিধিবন্ধ সংস্থা এবং বিভিন্ন কর্পোরেশনের চাকরিতে ১৩-২০ প্রেডের পদে কর্মচারী নিয়োগে অপেক্ষমাণ তালিকা হতে নিয়োগের নির্দেশনার পরিপ্রেক্ষিতে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের ১ম শ্রেণী, ২য় শ্রেণী, ৩য় শ্রেণী ও ৪র্থ শ্রেণীর কর্মকর্তা/কর্মচারীবৃন্দের নিয়োগ, আয়ীকরণ, পদোন্নতি, টাইমস্কেল ও সিলেকশন প্রেড কমিটির গত ১৩/০৩/২০২৪ খ্রি: তারিখের সভার কার্যবিবরণীর ১নং সিদ্ধান্তের আলোকে “কার্য-সহকারী” পদটি শূন্য হওয়ায় মেধা ও যোগ্যতার বিচারে অপেক্ষমাণ তালিকার ১ম ক্রমিকের ব্যক্তি জনাব মোঃ কামরুজ্জামানকে নিয়োগ প্রদান করা হয়। জনাব মোঃ কামরুজ্জামান ০১/০৮/২০২৪ খ্রি: তারিখে “কার্য-সহকারী” পদে যোগদান করেন। পরবর্তীতে জনাব মোঃ কামরুজ্জামান ০১/০৬/২০২৪ খ্�রি: তারিখ হতে চাকুরীতে স্বেচ্ছায় ইন্টফা প্রদান করায় এবং তার ইন্টফাপ্রতি কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ায় রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের ১ম শ্রেণী, ২য় শ্রেণী, ৩য় শ্রেণী ও ৪র্থ শ্রেণীর কর্মকর্তা/কর্মচারীবৃন্দের নিয়োগ, আয়ীকরণ, পদোন্নতি, টাইমস্কেল ও সিলেকশন প্রেড কমিটির গত ১০/০৬/২০২৪ খ্রি: তারিখের সভার কার্যবি�বরণীর ১নং সিদ্ধান্তের আলোকে “কার্য-সহকারী” এর শূন্য পদে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারী নিয়োগ পরীক্ষা, ২০২৩ এর নিয়োগ পরীক্ষায় মেধা ও যোগ্যতার বিচারে প্রস্তুতকৃত অপেক্ষমাণ তালিকার ২য় ক্রমিকের ব্যক্তিকে “কার্য-সহকারী” পদে নিয়োগের নিমিত্ত তার নাম ও রোল নম্বর প্রকাশ করা হলো।

#### পদের নাম: কার্য সহকারী

ক্রমিক	নিয়োগ পরীক্ষার রোল নম্বর	প্রার্থীর নাম
১	১০০৩১	শামীমুর রহমান

(আবু হায়াত মোঃ মুহাম্মদ আবু হায়াত, সিপিএ)

প্রধান নির্বাচিত কর্মকর্তা

ও

সদস্য সচিব, কর্মকর্তা/কর্মচারী নিয়োগ কমিটি

রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ

ফোন নং- ০২৫৮৮-৮৭৯২০৭

ই-মেইল: [rdarajshahi@gmail.com](mailto:rdarajshahi@gmail.com)

#### অন্তিমি সদয় অবগতি/অবগতি ও কার্যালোচনা:

- সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল, রাজশাহী ও সদস্য, নিয়োগ কমিটি, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।
- উপসচিব, বাজেট শাখা-৪, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও সদস্য, নিয়োগ কমিটি, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।
- অভিযন্ত্রে জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী ও সদস্য, নিয়োগ কমিটি, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।
- প্রশাসনিক কর্মকর্তা (অতি: দাঃ), রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ। (তাকে বিজ্ঞপ্তি অদ্যই এ কার্যালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধ করা হলো।)
- পি, এ-টু চেয়ারম্যান, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ। (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- মোটিশ বোর্ড, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।
- অফিস কপি।